MIDAS (UK)

CIRDAP

বাংলাদেশে টেকসই এসএমই উন্নয়ন বিষয়ক আর্ন্তজাতিক সেমিনার

ভেন্যু : সিরডাপ ইন্টারনেশনাল কনফারেন্স সেন্টার, সিরডাপ, ঢাকা
তারিখ : ৩০ এপ্রিল ২০১৪, বুধবার, সকাল ০৯:৩০ঘটিকা

৩০ এপ্রিল ২০১৪ তারিখে সিরডাপ ইন্টারন্যাশনাল কনফারেন্স সেন্টারে (প্রেস ক্লাব সংলগ্ন) প্রাইম ব্যাংক লিঃ, ট্রাস্ট ব্যাংক লিঃ এবং ইসলামী ব্যাংক বাংলাদেশ লিঃ এর সহযোগিতায় বাংলাদেশ ব্যাংক, সিরডাপ, বাংলাদেশ ইন্সস্টিটিউট অব ব্যাংক ম্যানেজম্যান্ট (বিআইবিএম) এবং মাইডাস (ইউ.কে) যৌথভাবে **"International Seminar on Sustainable SME Development in Bangladesh"** শীর্ষক একটি গুরুত্বপূর্ণ আর্ন্তজাতিক সেমিনার এর আয়োজন করতে যাচ্ছে।

উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন বাংলাদেশ ব্যাংকের মাননীয় **গর্ভনর ড. আতিউর রহমান**। অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন মাইডাস (ইউকে) এর প্রধান জনাব **জর্জ আব্রাহাম**। অনুষ্ঠানে দুইজন আর্ন্তজাতিক এসএমই বিশেষজ্ঞ লন্ডনের বিখ্যাত প্রতিষ্ঠান Commonwealth Environmental Investment Platform (CEIP) এর চেয়ারম্যান জনাব **মাইকেল সিপিট** এবং ভারতীয় এসএমই বিষয়ক প্রতিষ্ঠান আইস স্টার্ট আপ এর চেয়ারম্যান জনাব **শংকর রেলে** যথাক্রমে এসএমই ক্লাস্টার ও এসএমই অর্থায়ন বিষয়ক দুইটি সেমিনার পেপার উপস্থাপন করবেন।

জনাব সিপিট "Cluster, Technology & Innovation: Global Perspective and relevance of Bangladesh" শীর্ষক এবং জনাব শংকর "Making SME Financing Sustainable and Profitable: Indian Experiences" শীর্ষক পেপার উপস্থাপন করবেন। উক্ত পেপার দুইটির উপর প্যানেল আলোচনা অনুষ্ঠিত হবে। প্যানেল আলোচনা দু'টিতে সঞ্চালক হিসেবে দায়িত্ব পালন করবেন যথাক্রমে ঢাকা বিশ্ববিদ্যালয় এর আইবিএ এর **অধ্যাপক জনাব সৈয়দ মুনির খসরু** এবং বিআইবিএম এর মহাপরিচালক **ড. তৌফিক আহম্মেদ চৌধুরী** । প্যানেল আলোচক হিসেবে বাংলাদেশ ব্যাংক এর নির্বাহী পরিচালক জনাব **নির্মল চন্দ্র ভক্ত**, বিসিক চেয়ারম্যান জনাব **শ্যাম সুন্দর শিকদার**, ডিসিসিআই এর সাবেক সভাপতি জনাব **সবুর খান**, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিজনেস ফ্যাকাল্টির ডিন **অধ্যাপক জনাব শিবলী রুবাইয়াত উল ইসলাম**, প্রাইম ব্যাংক, ট্রাস্ট ব্যাংক এবং ইসলামী ব্যাংকের ব্যাবস্থাপনা পরিচালকসহগণসহ এসএমই সংশ্লিষ্ট বিশিষ্ট ব্যাক্তিবর্গ উপস্থিত থাকবেন। এছাড়া, অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখবেন সিরডাপের মহাপরিচালক জনাব **ড. সিসিপ ইফেন্ডি** এবং সূচনা বক্তব্য প্রদান করবেন বিআইবিএম ও বাংলাদেশ ব্যাংক এর এসএমই ফ্যাকাল্টি কনসালটেন্ট জনাব **সুকোমল সিংহ চৌধুরী**।

উক্ত অনুষ্ঠানে ব্যাংক, নন-ব্যাংক আর্থিক প্রতিষ্ঠান এর ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহীগণ, এসএমই বিষয়ক এসোসিয়েশন, নারী সংগঠন, চেম্বার এবং এসএমই সংক্রান্ত বিভিন্ন সরকারী/বেসরকারী দেশী ও আর্ন্তজাতিক প্রতিষ্ঠানের প্রতিনিধিবৃন্দ এবং এসএমই উদ্যোক্তাগণ অংশগ্রহণ করবেন।

জাতীয় ও আর্ন্তজাতিক এসএমই বিশেষজ্ঞদের উপস্থিতিতে বাংলাদেশে প্রথমবারের মত আয়োজিত হচ্ছে এ ধরনের অনুষ্ঠান। এ অনুষ্ঠান আয়োজনের মূল উদ্দেশ্য হল বাংলাদেশের এসএমই খাতের টেকসই উন্নয়নের লক্ষ্যে দীর্ঘ মেয়াদী এবং কার্যকরী নীতিমালা গ্রহণের ক্ষেত্রে উক্ত খাতের রেগুলেটর, নীতি প্রনয়ণকারী প্রতিষ্ঠান এবং এসএমই খাত সংশ্লিষ্ট সকলকে আর্ন্তজাতিক অভিজ্ঞতার সাথে মিল রেখে একটি সুপারিশমালা তথা পথ প্রদর্শন করা। উক্ত সেমিনার আয়োজনের পর সেমিনারের আলোচনার প্রেক্ষিতে একটি সেমিনার পেপার প্রকাশ করা হবে। উক্ত পেপারটিতে এসএমই খাতের টেকসই উন্নয়নের লক্ষে বেশকিছু দিক নির্দেশনা দেয়া হবে।

উল্লেখ্য, মাননীয় গর্ভনর ড. আতিউর রহমানের দিক নির্দেশনায় বাংলাদেশে ব্যাংকে এসএমই বিভাগ গঠণের পর থেকেই এসএমই বিভাগ এসএমই উন্নয়নের লক্ষ্যে নানামূখী পদক্ষেপ ও কর্মসূচী গ্রহণ করে আসছে। ইতোমধ্যে এসএমই বিভাগ ভারতীয় হাই কমিশন এবং ইন্দো-বাংলা চেম্বারের সহযোগিতায় ভারতীয় তিনটি বিখ্যাত এমএসএমই প্রতিষ্ঠান NSIC, SIDBI, Iam SME of India এর অংশগ্রহণে সিরডাপ মিলনায়তনে এসএমই বিষয়ক আরও একটি আর্ন্তজাতিক সেমিনারের আয়োজন করেছে। গর্ভনর ড. আতিউর রহমানের দিক নির্দেশনা ও নেতৃত্বে এ ধরনের কর্মসূচী আয়োজনের মাধ্যমে আর্ন্তজাতিক পর্যায়ে সহযোগিতার ক্ষেত্র উন্মোচিত হচ্ছে।

সহযোগিতায় ঃ Prime Bank Limited a bank with a difference | Trust Bank A Bank for Financial Inclusion